


নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.১৭.১১৬

তারিখ: ০৯/০৫/২০১৭

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র কর্তৃক আয়োজিত বহিরাঙ্গণ অনুষ্ঠান এফ.এম. ৯০.০ মেগাহার্জে সরাসরি সম্প্রচার।

সূত্র: বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্রের ৩০/০৪/২০১৭খ্রি: তারিখের পত্র নং ১৫.৫৩.৪৭০০.১০৬.৫৫.০৪৭.১৭.৬২০।

- উপর্যুক্ত বিষয় ও সূত্রালোকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ তৃণমূল পর্যায়ে ছড়িয়ে দিতে এবং জনসচেতনতা তৈরী করতে বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র কর্তৃক আগামী ০৯ মে ২০১৭ সন্ধ্যা ৭টায় খুলনাস্থ শহীদ হাদিস পার্কে দর্শক শ্রোতাদের উপস্থিতিতে আয়োজিত 'উন্নয়নে নবদিগন্ত' শীর্ষক বহিরাঙ্গণ অনুষ্ঠান বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র থেকে এফ.এম. ৯০.০ মেগাহার্জে প্রচার হবে।
- ২। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারটি চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
  - ৩। উল্লিখিত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারকালীন খুলনা কেন্দ্রের এফ.এম ৯০.০ মেগাহার্জে ঢাকা কেন্দ্র থেকে রীলেকৃত বিনোদনমূলক অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।
  - ৪। উল্লিখিত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা শহীদ হাদিস পার্ক, খুলনা থেকে খুলনা কেন্দ্রের সম্প্রচার ভবন পর্যন্ত টেলিফোন সংযোগ স্থাপনসহ প্রয়োজনীয় সকল প্রকৌশল ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংযোগের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা-এর টেলিফোন খাত থেকে নির্বাহ হবে।
  - ৫। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের বিষয়ে শ্রোতাদের পূর্বাঙ্কে অবহিত করার জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা উল্লিখিত অনুষ্ঠান সম্পর্কিত ঘোষণা ও প্রমো প্রচার এবং খুলনা কেন্দ্রের ফেইসবুক পেইজ-এ সংক্রান্ত পোস্ট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
  - ৬। উক্ত অনুষ্ঠানে ফিলার প্রচারের প্রয়োজন হলে সেক্ষেত্রে অনুমোদিত সংগীত/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের উপস্থাপনা শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
  - ৭। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ এবং অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।
  - ৮। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার খুলনা উক্ত অনুষ্ঠানের প্রতিবেদন স্থানীয় সংবাদে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
  - ৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা-পূর্বাঙ্কে এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
  - ১০। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের লক্ষে অনুষ্ঠান শুরুর ২ ঘণ্টা পূর্বে খুলনাস্থ শহীদ হাদিস পার্ক-কে উপস্থিত থেকে সরাসরি সম্প্রচারের সকল প্রস্তুতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ করা হলো।

  
(সালাহউদ্দিন আহমেদ)  
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান (চলতি দায়িত্ব)  
মহাপরিচালকের পক্ষে  
ফোন: ০২-৯৬৬২৭৫৩  
ফ্যাক্স: ০২-৯৬৭০২৮২।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর ঢাকা (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।
- ৩। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা।
- ৪। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার খুলনা।

অনুলিপি: অবগতিকল্পে-

- ১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ২। মহাপরিচালকের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।